



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
সেফটি শাখা  
উপমহাপরিদর্শকের কার্যালয়, সেখহাটি, বাবলাতলা, ঢাকা রোড,  
যশোর-৭৪০১  
www.dife.jessore.gov.bd

২০২৩-২৪ অর্থ বছরের প্রথম ত্রৈমাসিক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি	আবদুল কাইউম উপ-মহাপরিদর্শক
সভার তারিখ	১৮-০৯-২০২৩
সভার সময়	১১.০০ ঘটিকা
স্থান	উপ-মহাপরিদর্শকের সভাকক্ষ, যশোর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এজেন্ডা অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতি ও উপস্থিত সম্মানিত সদস্যগণের সাথে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত প্রস্তাব ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	সাপ্তাহিক প্রশিক্ষণ ঘন্টা	শ্রম পরিদর্শকগণের পেশাগত দায়িত্ব পালনের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ মূল হাতিয়ার বা চালিকা শক্তি হিসেবে বিবেচিত।	বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এবং সংশ্লিষ্ট অন্যান্য আইনের উপর অধিকতর জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য সাপ্তাহিক প্রশিক্ষণ ঘন্টা নির্ধারিত সময়ে চলমান রাখতে হবে।	প্রশিক্ষণ ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২	কারখানা ও প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদকরণ	পরিদর্শন কার্যক্রম শতভাগ লিমাতে সম্পাদন করার ক্ষেত্রে ইউনিক ডাটাবেজ প্রভুত্বের প্রয়োজন রয়েছে। লিমা এ্যাপসে সংরক্ষিত ডাটাবেজ এবং অত্র দপ্তরের সংরক্ষিত ম্যানুয়েল ডাটাবেজ সামঞ্জস্যপূর্ণ না হলে পরিদর্শন, নোটিশ প্রেরণ, তালিকা হালনাগাদকরণে বাধা সৃষ্টি হবে।	বালাম এর সাথে মিল রেখে এক্সেল ফাইলে সংরক্ষিত ডাটাবেজ এবং লিমার ডাটাবেজ হালনাগাদ করতে হবে।	শ্রম পরিদর্শক (সকল)
৩	হেল্পলাইন লাইন নম্বর, এসডিজি ও বাংলাদেশ শ্রম আইন সংক্রান্ত লিফলেট/পোস্টার	সেবা সহজীকরণের নিমিত্ত অত্র দপ্তরের হট লাইন নম্বরসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সারসংক্ষেপ কারখানা/প্রতিষ্ঠানের প্রধান ফটকে লটকানোর জন্য কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট সফটকপি প্রেরণ করতে হবে।	সেবা সহজীকরণ ও সহজে অত্র কার্যালয় থেকে সেবা/অভিযোগ জানানোর নিমিত্ত অত্র দপ্তরের হট লাইন নম্বরসহ প্রয়োজনীয় পোস্টার/লিফলেট বিতরণ ও তা কারখানা/প্রতিষ্ঠানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	শ্রম পরিদর্শক (সকল)

৪	অভিযোগ ও সেবাদান রেজিস্টার হালনাগাদ	লিমা (হেল্পলাইন) বা ম্যানুয়ালে প্রাপ্ত অভিযোগ দ্রুততম সময়ে নিষ্পত্তিকরণ ও রেজিস্টারে হালনাগাদ করা খুবই জরুরি।	অভিযোগ পাওয়া মাত্রই কার্যক্রম গ্রহণ ও সেবা গ্রহিতাদের সেবা প্রদান পরবর্তী অভিযোগ রেজিস্টার হালনাগাদ করতে হবে।	শ্রম পরিদর্শক (সকল)
৫	ডি- নথি এর ব্যবহার	আপাতত লিমার সাথে ডি নথির লিঙ্ক বিচ্ছিন্ন রয়েছে। সে কারণে লিমাতে প্রাপ্ত ক্যাপ ডাউনলোড করে ডি নথিতে উপস্থাপন করা প্রয়োজন।	প্রত্যেক শ্রম পরিদর্শক প্রমাপ মোতাবেক মাসিক পরিদর্শনের নোটিশ ডি- নথিতে জারী করতে হবে।	শ্রম পরিদর্শক (সকল)

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৬-০৯-২০২৩

আবদুল কাইউম

উপ-মহাপরিদর্শক

০২৪৭৭৭৬২৮৬০

dig.jashore@dife.gov.bd


১১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.৪১০০.১০১.০৬.০০১.১৯.৩৩০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সহকারী মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর;
- ২। শ্রম পরিদর্শক (সকল), যশোর;
- ৩। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), যশোর এবং
- ৪। অফিস কপি।

২৬-০৯-২০২৩

মুহাম্মদ মতিউর রহমান

শ্রম পরিদর্শক